# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

www.novotheatre.gov.bd



# প্রতিবেদন

## ২০১৭-২০১৮

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

## পটভূমি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইনের দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ সংস্থা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে ঢাকার বিজয় সরণি এলাকায় ৫.৪৬ একর জমির উপর ১২৩ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হয়েছে দেশের একমাত্র প্ল্যানেটেরিয়াম ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার’। এটি দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে একটি অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠান। এছাড়া এখানে রয়েছে পরমাণু শক্তি তথ্য কেন্দ্র, যার মাধ্যমে পরমাণু বিদ্যুৎ বিষয়ে জনসচেতনা সৃষ্টি, শিক্ষার্থীদের মাঝে পরমাণু শিক্ষা সম্পর্কে আগ্রহ সৃষ্টি এবং পরমাণু বিদ্যুৎ বিষয়ে নাগরিক ও শিক্ষার্থীদের অহেতুক ভীতি দূরীকরণ ও সঠিক ধারণা প্রদান করা হয়।



মহাকাশ বিষয়ক প্রদর্শনী




5D মুভি থিয়েটার




5D ইন্টারেকটিভ এডুটেইনমেন্ট সিমুলেটর

## সংক্ষিপ্ত ইতিহাস

দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিগত ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে দেশে প্লানেটেরিয়াম প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়। বিগত ১৩/০৩/১৯৯৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভায় “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার” শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়। বিগত ০৯ ফেব্রুয়ারি, ২০০০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার” এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার” শীর্ষক প্রকল্পটি ৩০ জুন, ২০০৪ তারিখে সমাপ্ত হয়। নভোথিয়েটারে প্রায় ২০ হাজার বর্গমিটার আয়তন বিশিষ্ট ৫ তলা উচ্চতা বিশিষ্ট মূল ভবনসহ অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি ২৭৫ আসন বিশিষ্ট প্লানেটেরিয়াম হল, 5D Movie Theatre, ৩০টি এক্সিবিটস নিয়ে ১টি গ্যালারী 5D Interactive Edutainment Simulator অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ১৫০ সীটের অডিটোরিয়াম ও ৫০ সীটের কনফারেন্স রুম, ১০০টি গাড়ি পার্কিং এর ব্যবস্থা রয়েছে। উদ্বোধনের পর থেকে নিয়মিত সপ্তাহে ৬ দিন নভোথিয়েটারে দর্শনার্থীগণ বিভিন্ন প্রদর্শনী উপভোগ করে থাকে। নভোথিয়েটারের বিভিন্ন প্রদর্শনী উভোগ করার জন্য প্রতিদিন হাজার হাজার দর্শকের সমাগম হয়। গত ১৮ মার্চ ২০১০ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন-২০১০ মহান জাতীয় সংসদে পাস হয়েছে এবং গেজেট প্রকাশের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে স্বীকৃতি লাভ করেছে।

## ভিশন

মহাকাশ বিজ্ঞানের দিগন্ত উন্মোচনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে দেশের বিজ্ঞান শিক্ষায় একটি উৎকর্ষতার কেন্দ্রে পরিণত করা।

## মিশন

বিনোদনমূলক শিক্ষার মাধ্যমে জনমনে বিজ্ঞান সম্পর্কে ইতিবাচক ধারণা প্রোথিত করা এবং প্লানেটেরিয়াম, থ্রি-ডি, টেলিস্কোপ, বিভিন্ন সাইন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস প্রদর্শনী, মহাকাশ সম্পর্কিত গবেষণা ইত্যাদির মাধ্যমে ভবিষ্যত প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় উৎসাহী করে তোলা।

## সাংগঠনিক কাঠামো ও জনবল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে অনুমোদিত ৬৩টি পদের মধ্যে বর্তমানে একজন মহাপরিচালকসহ ৪৭ জন কর্মকর্তা-কর্মচারি কর্মরত আছে।

## প্রধান কার্যাবলি

- মহাকাশ বিষয়ক অপটো-মেকানিক্যাল ও ডিজিটাল ছবি প্রদর্শনী পরিচালনা।
- বিভিন্ন সায়েন্টিফিক ও ডিজিটাল এক্সিবিট-এর বৈজ্ঞানিক দিকসমূহ জনগণের কাছে বিশেষত শিক্ষার্থীদের সহজবোধ্যভাবে উপস্থাপন।
- অ্যাস্ট্রোভিশন শো এবং ফিল্ম আধুনিকায়ন, পরিবর্তন ও যুগোপযোগী করণ।
- জ্যোতির্বিজ্ঞানের নতুন নতুন তথ্য ও চিত্র সংগ্রহ ও সংরক্ষণ এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করে দেশের জনগণ তথা দেশের ছাত্র সমাজকে অবহিতকরণ।
- সায়েন্টিফিক লাইব্রেরি স্থাপন করে জ্যোতির্বিজ্ঞান বিষয়ক বিভিন্ন তথ্য ও চিত্র, সাময়িকী, বই-পুস্তক সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা করা।
- নভোথিয়েটারের যাবতীয় কর্মকান্ড সম্পর্কে পত্রপত্রিকা, রেডিও, টেলিভিশন অন্যান্য মিডিয়ার মাধ্যমে জনগণকে অবহিত ও আকৃষ্ট করা এবং ব্রোশার, লিফলেট ও বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা।
- স্পেস রাইড সিমুলেটর, থ্রি-ডি মুভি এবং অন্যান্য অত্যাধুনিক যন্ত্রপাতি বা সরঞ্জামের মাধ্যমে বিজ্ঞান ভিত্তিক ও জ্ঞানবিকাশে সহায়ক সুস্থ বিনোদনের ব্যবস্থা করা।
- মহাকাশ বিষয়ক গবেষণার মাধ্যমে নভোথিয়েটারকে Centre of Excellence-এ পরিণত করা।

## উন্নয়ন কার্যক্রম

- বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আধুনিকায়ন এবং যুগোপযোগী করার জন্য বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার শক্তিশালীকরণ প্রকল্প গ্রহন করা হয়। উক্ত প্রকল্পের মাধ্যমে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট ব্যাপ্তি একটি ডিজিটাল ফিল্ম নির্মাণ করা হয়। এছাড়া প্ল্যানেটেরিয়ামে ডিজিটাল প্রজেকশন সিস্টেম স্থাপন, প্ল্যানেটেরিয়ামে বিদ্যমান অপটো-মেকানিক্যাল সিস্টেমকে আপগ্রেড করণ, মহাকাশ বিষয়ক ৫টি ডিজিটাল ফিল্ম সংগ্রহ ,২টি নতুন অ্যাডভেঞ্চার ফিল্ম সংগ্রহ, ৪০ আসন বিশিষ্ট অত্যাধুনিক ৫-ডি মুভি থিয়েটার স্থাপন, ১৪টি সায়েন্টিফিক এবং ১৬টি ডিজিটাল এক্সিবিট স্থাপন এবং ডিজিটাল টিকেটিং সিস্টেম স্থাপন করা হয়।
- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর নির্মিত ডিজিটাল ফিল্মটি মাননীয় প্রধানমন্ত্রী সদয় উদ্বোধন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক উদ্বোধনের পর নিয়মিত প্রদর্শণ করা হচ্ছে। বাংলাদেশের জনগণ বিশেষ করে শিক্ষার্থীগণ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রাম সম্পর্কে জানতে পারছে।




সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী ও স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ধারণা প্রদানের লক্ষে নির্মিত ৩০ মিনিটের ডিজিটাল ফিল্ম উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী

- রূপপুর পরমাণু বিদ্যুৎ প্রকল্প স্থাপন প্রক্রিয়ায় দেশের জনগণকে পরমাণু বিদ্যুৎ সম্পর্কে সঠিক ধারণা প্রদানের উদ্দেশ্যে নভোথিয়েটারে অত্যাধুনিক ৩-ডি প্রযুক্তি সমৃদ্ধ দেশের একমাত্র Nuclear Industry Information Centre স্থাপন।



Nuclear Industry Information Centre এ স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সাথে মাননীয় মন্ত্রী এবং রাশিয়ান ফেডারেশনের কর্মকর্তাবৃন্দ



Nuclear Power Plant এর সেফটি মডেল

## বিভাগীয় শহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের অগ্রগতি

- বঙ্গাবন্ধু নভোথিয়েটার স্থাপন রাজশাহী, প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নের কাজ চলছে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত নকশাটি (থ্রি-ডি মডেল) মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন।




বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন শীর্ষক প্রকল্পের থ্রি-ডি মডেল

- রাজশাহীতে নভোথিয়েটার স্থাপনের জন্য রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক প্রস্তাবিত শহীদ এ এইচ এম কামারুজ্জামান পার্কের ২.৩০০ একর অকৃষি খাস জমি বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী শাখা নির্মাণের জন্য ১০০০/- (এক হাজার) টাকা প্রতীকীমূল্যে ভূমি মন্ত্রণালয় গত ১১ মে ২০১৬ তারিখে ৩১.০০.০০০০.০৪১.৪১. ১৩৪.১৫.৩৪৭ নং পত্রের মাধ্যমে সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদান করে। গত ২৭.০৬.২০১৬ তারিখে উক্ত জমির রেজিস্ট্রেশন করা হয়েছে। প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণ কাজ শুরু হয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করা হয়েছে। আশা করা যাচ্ছে আগামী জুন ২০২০ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

- বরিশাল বিভাগে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন করার জন্য বরিশাল সদর উপজেলাধীন চরআইচা মৌজায় একুনে ১০.০০(দশ) একর জমি সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করাসহ প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। গত ৩০শে জুন ২০১৮ তারিখে ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরন করা হয়েছে। একনেকে ডিপিপি অনুমোদনের পর আগামী জুন ২০২১ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।



বিভাগীয় পর্যায়ে নভোথিয়েটার স্থাপনের জন্য মহাপরিচালক মহোদয় এবং কারিগরি টিমের প্রকল্পের সম্ভাব্য স্থান পরিদর্শন

- বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার খুলনা স্থাপনের ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল পাওয়া সাপেক্ষে ডিপিপি তারিখের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপুর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২১ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

- রংপুর বিভাগের বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল চেয়ে প্রধান প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল পাওয়া সাপেক্ষে ডিপিপি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপুর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২২ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

- সিলেট বিভাগে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের জন্য সম্ভাব্যতা যাচাই কাজ সম্পন্ন হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল চেয়ে প্রধান প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল পাওয়া সাপেক্ষে ডিপিপি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপুর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২৩ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হতে পারে।

- চট্রগ্রাম বিভাগে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের দরপত্র আহ্বান করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের রেইট সিডিউল চেয়ে প্রধান প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সম্ভাব্যতা যাচাই কাজ সম্পন্ন করে ডিপিপি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপুর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। সবকিছু অনুকুলে থাকলে আগামী জুন ২০২৩ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

- ময়মনসিংহ বিভাগে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের নিকট হতে Landuse Master Plan এ নভোথিয়েটারের জন্য একুনে ১০.০০ (দশ) একর জমি নির্ধারণ করা আছে। সম্ভাব্যতা যাচাই কাজ সম্পন্ন করে ডিপিপি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। একনেক অনুমোদনের পর গণপুর্ত অধিদপ্তর কর্তৃক উক্ত প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ করা হবে। আগামী জুন ২০২৫ সালের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

- বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম প্রচারের জন্য নভোথিয়েটারের সম্মুখে ডিজিটাল ডিসপ্লে মেসেজ বোর্ড স্থাপন করা হয়েছে। ফলে আগত দর্শনার্থীরা সহজেই নভোথিয়েটার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি জানতে পারছেন।

- বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল প্রদর্শনীর টিকেট বিভিন্ন প্রতিষ্ঠানের বুকিং এর জন্য নির্ধারিত ফরমে অনলাইন এপ্লিকেশন সিস্টেম চালু করা হয়েছে।

- নভোথিয়েটারের ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ১টি আর্চওয়ে, হ্যান্ড মেটাল ডিটেক্টর, মিরর ডিটেক্টর এবং বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করায় এখানে আগত সকল শ্রেণীর মানুষ সাচ্ছন্দ বোধ করছেন।

- বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা/কর্মচারীদের বছরে ৬০ জনঘণ্টা প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণের কারণে কর্মকর্তা-কর্মচারীদের কাজের গুণগত মানের উন্নতি সাধিত হয়েছে।

- বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ওয়াইফাই নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। ফলে আগত দর্শনার্থীগণ এর সুফল ভোগ করছেন।



মাননীয় মন্ত্রী বৃক্ষ রোপণ করছেন



সচিব মহোদয় বৃক্ষ রোপণ করছেন



মহাপরিচালক মহোদয় বৃক্ষ রোপণ করছেন

- সুবিধা বঞ্চিত শিশু ও বিশেষ শিশুদের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম প্রদর্শনী বিনামূল্যে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। ফলে তারা বিনোদনের মাধ্যমে বিজ্ঞান এবং বিজ্ঞানের অজানা রহস্য সম্পর্কে জানতে পারছে।




জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালন



মহাপরিচালক মহোদয় জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করছেন

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম নিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে মহাপরিচালক মহোদয় মতবিনিময় সভা করেন এবং তাদেরকে নভোথিয়েটারে আসার জন্য উদ্বুদ্ধ করেন।




বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে মতবিনিয়ম সভায়  মহাপরিচালক মহোদয় ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম বিভিন্ন টেলিভিশনে  প্রচারের জন্য বাংলাদেশ চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তরের মাধ্যমে একটি ভিডিও তথ্যচিত্র নির্মাণ করা হয়েছে এবং তা নিয়মিত প্রচার করা হচ্ছে। এছাড়া বিভিন্ন বিজ্ঞাপন, লিফলেট, ব্রোশিয়র এর মাধ্যমে নভোথিয়েটারের কার্যক্রম প্রচার করা হচ্ছে।

- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদেরকে নভোথিয়েটারের প্রদর্শনী উপভোগ করার জন্য বিআরটিসির বাসের মাধ্যমে বিনামূল্যে আনা নেওয়া করা হয়।



বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে দশনার্থী শো উপভোগ করছেন

- সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শাহাদাৎ বাষিকী উপলক্ষ্যে আগষ্ট মাস ব্যাপি বিভিন্ন স্কুল- কলেজের ছাত্রছাত্রীদেরকে বিআরটিসি বাসের মাধ্যমে বিনা ভাড়ায় নভোথিয়েটারে আনা নেয়া করা হয় এবং বিনা মুল্যে নভোথিয়েটারের প্রদর্শনী দেখানো হয়।



১৫ই আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয় এবং মহাপরিচালক মহোদয় সুবিধা বঞ্চিত শিশুদের মাঝে খাবার বিতরণ করছেন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শাহাদাত বার্ষিকীতে নভোথিয়েটারে অনুষ্ঠিত মিলাদ –মাহফিল অনুষ্ঠানে মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শাহাদাত বার্ষিকীতে বিনম্র শ্রদ্ধা




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ

- বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ভবনের ০০ লেভেলের দেয়ালে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম: ১৯৫২-১৯৭১ শিরোনামে ম্যুরাল তৈরী ও শিল্প সমন্বয় কাজ করা হচ্ছে। আশা করা যাচ্ছে খুব শীঘ্রই মধ্যে কাজটি সম্পন্ন করা সম্ভব হবে।

- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মধ্যে সম্পাদিত ২০১৭-২০১৮ সনের APA চুক্তি অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করা হয়।



বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মধ্যে APA স্বাক্ষর অনুষ্ঠান

## বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্রদর্শনী সংক্রান্ত তথ্য:

| শনিবার, রবিবার, সোমবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার | ১ম প্রদর্শনী Dawn of the Space Age ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ২য় প্রদর্শনী Mission to Black Hole ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৩য় প্রদর্শনী Journey to the stars ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৪র্থ প্রদর্শনী Goodnight Goldilocks ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৫ম প্রদর্শনী Symphony of the Starry Sky ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৬ষ্ঠ প্রদর্শনী Symphony of the Starry Sky ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" |
|---|---|---|---|---|---|---|
| প্রদর্শনী শুরুর সময় | সকাল ১০:৩০ | দুপুর ১২:০০ | বেলা ২:০০ | বিকাল ৩:৩০ | বিকাল ৫:০০ | বিকাল ৬:৩০ |
| টিকিট বিক্রি শুরুর সময় | সকাল ১০:০০ | সকাল ১০:৩০ | দুপুর ১২:০০ (বেলা ১:০০ থেকে ১:৩০ নামাজের বিরতি) | বেলা ২:০০ | বিকাল ৩:৩০ | বিকাল ৫:০০ |
| বুধবার | সাপ্তাহিক ছুটি | | | | | |

| শুক্রবার | ১ম প্রদর্শনী Dawn of the Space Age ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ২য় প্রদর্শনী Mission to Black Hole ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৩য় প্রদর্শনী Journey to the stars ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৪র্থ প্রদর্শনী Goodnight Goldilocks ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৫ম প্রদর্শনী Symphony of the Starry Sky ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" | ৬ষ্ঠ প্রদর্শনী Symphony of the Starry Sky ও "বঙ্গাবন্ধুর উপর নির্মিত ডিজিটাল ফিল্ম" |
|---|---|---|---|---|---|---|
| প্রদর্শনী শুরুর সময় | সকাল ১০:০০ | সকাল ১১:৩০ | বেলা ২:৩০ | বিকাল ৪:০০ | বিকাল ৫:৩০ | বিকাল ৭:০০ |
| টিকিট বিক্রি শুরুর সময় | সকাল ৯:৩০ | সকাল ১০:০০ | সকাল ১১:৩০ (বেলা ১:০০ থেকে ২:০০ নামাজের বিরতি) | বেলা ২:৩০ | বিকাল ৪:০০ | বিকাল ৫:৩০ |

* প্ল্যানেটেরিয়াম প্রদর্শনীর টিকিট-এর মূল্য ১০০/- টাকা।

* 5D Movie Theatre এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।

* 5D Interactive Edutainment Simulator এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।

* ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস গ্যালারি-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।

* রাইড সিমুলেটর-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/- টাকা।

* পরমাণু শক্তি তথ্য কেন্দ্র (বিনামূল্যে)।

শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত আবেদনের প্রেক্ষিতে অগ্রিম টিকেট প্রদান করা হয়।




বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে কাউন্টার থেকে দশনার্থীগণ টিকেট সংগ্রহ করছেন

## ভবিষ্যৎ পরিকল্পনা


- **<u>দেশের প্রতিটি বিভাগীয় শহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন :</u>**

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ৩০.০৪.২০১৪ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে মাননীয় প্রধানমন্ত্রী গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেছেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার বিভাগীয় পর্যায়ে সম্প্রসারণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বিভাগীয় পর্যায়ে নভোথিয়েটার স্থাপনের কার্যক্রম দ্রুত এগিয়ে চলছে। আশা করা যাচ্ছে আগামী জুন ২০২৫ সালের মধ্যে সকল বিভাগে নভোথিয়েটার স্থাপন কাজ সম্পন্ন করা সম্ভব হবে।




মানীয় প্রধানমন্ত্রীর সংবর্ধনায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে সামনে মাননীয় মন্ত্রী,সচিব মহোদয়সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ

- বিশ্বের সাথে তাল মিলিয়ে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে  আগামী ২০২১ সালের মধ্যে ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আরো আধুনিকায়ন করার লক্ষ্যে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আধুনিকায়ন শীর্ষক " একটি প্রকল্প গ্রহন করা হবে। আশা করা যাচ্ছে  আগামী জুন ২০২৫ সালের মধ্যে  উক্ত প্রকল্পের কাজ সম্পন্ন করা সম্ভব হবে।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অভ্যন্তরে আরও নতুন নতুন Exhibits স্থাপনের জন্য কর্মসূচি প্রণয়ন করা হচ্ছে।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সাইন্টিফিক ও ডিজিটাল  এক্সিবিট গ্যালারির একাংশ

## * দেশের বৃহত্তর  জেলা সমুহে বঙ্গবন্ধু  শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন :

সরকারের রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে  দেশের সকল নাগরিক তথা ছাত্র সমাজকে বিজ্ঞান মনস্ক হিসেবে গড়ে তোলার জন্য  আগামী ২০৩০ সালের মধ্যে  টাঙ্গাইল, ফরিদপুর, নোয়াখালী,  কুমিল্লা, কক্সবাজার , পটুয়াখালী, যশোর , কুষ্টিয়া, পাবনা, বগুড়া ও দিনাজপুর  জেলায়  বঙ্গবন্ধু  শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের জন্য প্রকল্প গ্রহন করা হবে এবং আশাকরা যাচ্ছে আগামী ২০৪১ সালের মধ্যে উক্ত প্রকল্পগুলির কাজ সম্পন্ন করা সম্ভব হবে।


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ১৬ ডিসেম্বরে আলোকসজ্জা


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ২৬ মার্চের আলোকসজ্জা

# ধন্যবাদ